ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড
**DHAKA POWER DISTRIBUTION COMPANY LIMITED**
(An Enterprise of the Government of the People's Republic of Bangladesh)
Web site : www.dpdc.org.bd

দপ্তর
নির্বাহী পরিচালক (প্রকৌশল), ডিপিডিসি
বিদ্যুৎ ভবন (৩য় তলা),
১নং আব্দুল গনি রোড, ঢাকা-১০০০।
ফোন নং-৯৫৬০৩৯৬

সূত্র নং-৮৭.০০০.৪২৪.০০.০০.০২৯.২০০৮. ২৫০

তারিখ : ১৮/০৩/২০১৮ইং

# ইনোভেশন কমিটির সভার কার্য বিবরণী

ডিপিডিসি'র ইনোভেশন কমিটিরি একটি সভা গত ০৮/০৩/২০১৮ইং তারিখ বিকাল ০৩.০০ টায় ডিপিডিসি'র সম্মেলন কক্ষে (বিদ্যুৎ ভবন, ৩য় তলা, ১, আব্দুল গনি রোড, ঢাকা) নিম্নস্বাক্ষরকারীর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় ডিপিডিসি র ইনোভেশন কমিটির সকল সদস্যসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় উপস্থিতির তালিকা নিম্নরুপ:

০১. জনাব মো. রবিউল হাসান, মহাব্যবস্থাপক, আইসিটি, এনার্জি এন্ড মিটারিং,ডিপিডিসি।
০২. জনাব মো. কামরুল আহছান, উপ-মহাব্যবস্থাপক (আইসিটি), ডেভেলপমেন্ট, ডিপিডিসি।
০৩. জনাব মোহাম্মদ মহিউল আলম, নির্বাহী প্রকৌশলী, এনওসিএস আজিমপুর, ডিপিডিসি।
০৪. জনাব মো. শাহেদ বিশ্বাস, নির্বাহী প্রকৌশলী, মিটারিং (সেন্ট্রাল), ডিপিডিসি।
০৫. জনাব ডি.এম. কামরুল হাসান, ব্যবস্থাপক (আইসিটি), ডেভেলপমেন্ট, ডিপিডিসি।
০৬. জনাব মো. মেহেদী হাসান, উপ-বিভাগীয় প্রকৌশলী, ডিজাইন সার্কেল, ডিপিডিসি।
০৭. জনাব মো. আতিকুল ইসলাম,উপ-ব্যবস্থাপক (অর্থ), ফিনান্সিয়াল ম্যানেজমেন্ট এন্ড অ্যাকাউন্টিং, ডিপিডিসি।
০৮. জনাব মো: আশরাফ উদ্দিন, উপ-ব্যবস্থাপক (এইচ আর), এমপ্লয়ী ম্যানেজমেন্ট (এডমিন), ডিপিডিসি।
০৯. জনাব মো. আরাফাত ইমতিয়াজ, সহকারী ব্যবস্থাপক (আইসিটি), ডেভেলপমেন্ট, ডিপিডিসি।
১০. জনাব অমিত কুমার দাস,উপ-সহকারী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী (গ্রীড নর্থ-২), ডিপিডিসি।
১১. জনাব মো. তানভীর আহমেদ, জুনিয়র সহকারী ব্যবস্থাপক (আইসিটি), রেভিনিউ, ডিপিডিসি ।

সভার সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় ডিপিডিসি'র ইনোভেশন কার্যক্রমের অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচনা এবং নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | আলোচনার বিষয় বস্তু | আলোচনা ও সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|
| ০১. | ডিপিডিসি'র সকল কর্মকর্তা কর্তৃক উদ্ভাবনী কার্যক্রম গ্রহন | বাংলাদেশের অভাবনীয় অর্থনৈতিক ও সামাজিক অগ্রগতির সাথে সাথে নানামুখী প্রতিবন্ধকতা দূরীকরণের জন্য সরকার সকল কর্মকর্তাদের মান উন্নয়ন ও উদ্ভাবনী কার্যক্রমের দিকে উৎসাহিত করার বিষয়ে গুরুত্বারোপ করেছে। এজন্য বিদ্যুৎ বিভাগ এর আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানিসমূহে কর্মরত সকল কর্মকর্তাদের আগামী ৩ মাসের মধ্যে ১টি করে নতুন উদ্ভাবনী কার্যক্রম গ্রহন করার নির্দেশনা প্রদান করেছে। এজন্য ডিপিডিসি'র সকল কর্মকর্তাদের আগামী ৩ মাসের মধ্যে ১টি করে উদ্ভাবনী কার্যক্রম গ্রহন করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। এ জন্য কোম্পানী সচিবের মাধ্যমে একটি সার্কুলার জারি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | কোম্পানী সচিব, ডিপিডিসি।<br><br>মহাব্যবস্থাপক (আইসিটি/টেকনিক্যাল), ডিপিডিসি। |
| ০২. | সকল এন.ও.সি.এস. বিভাগে Kiosk মেশিন ও মোবাইল অ্যাপস এর মাধ্যমে গ্রাহক সেবা প্রদান | ইনোভেশন কার্যক্রমের অংশ হিসেবে ডিপিডিসি'র সকল এন.ও.সি.এস. বিভাগে Kiosk মেশিন ও মোবাইল অ্যাপস এর মাধ্যমে গ্রাহক সেবা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল নির্বাহী প্রকৌশলী, এন.ও.সি.এস. বিভাগ<br><br>মোঃ হেলাল উদ্দিন, ব্যবস্থাপক (আইসিটি), রেভিনিউ, ডিপিডিসি।<br><br>মোঃ তানভীর আহমেদ, জুনিয়র সহকারী ব্যবস্থাপক (আইসিটি), রেভিনিউ, ডিপিডিসি। |

| ক্রমিক নং | আলোচনার বিষয় বস্তু | আলোচনা ও সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|
| ০৩. | মোবাইল অ্যাপস এর মাধ্যমে কমপ্লেইন ম্যানেজমেন্ট কার্যক্রমের প্রচারণা করা | ডিপিডিসি'র যে সকল এন.ও.সি.এস. বিভাগে মোবাইল অ্যাপস এর মাধ্যমে কমপ্লেইন ম্যানেজমেন্ট কার্যক্রম শুরু হয়েছে সে সকল বিভাগে ব্যাপকভাবে মোবাইল অ্যাপস এর প্রচারণা চালানোর জন্য ব্যানার, ফেস্টুন তৈরি করা এবং বিলের কাগজে বিজ্ঞপ্তি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। প্রয়োজনে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-মহাব্যবস্থাপক (আইসিটি), রেভিনিউ, ডিপিডিসি।<br><br>উপ-মহাব্যবস্থাপক (পাবলিক রিলেশন), ডিপিডিসি<br><br>সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী, এন.ও.সি.এস. |
| ০৪. | আইপি ফোন ব্যবহার | ডিপিডিসি'র বিভিন্ন দপ্তরে বিটিসিএল ল্যান্ড ফোনের পরিবর্তে আইপি ফোন চালু করার বিষয়ে আলোচনা হয়। প্রাথমিকভাবে এন.ও.সি.এস. অফিসসমূহে আইপি ফোন চালু করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-মহাব্যবস্থাপক (আইসিটি), রেভিনিউ, ডিপিডিসি।<br>সকল নির্বাহী প্রকৌশলী, এন.ও.সি.এস বিভাগ। |
| ০৫. | প্রি পেইড মিটারের ভেন্ডিং কার্যক্রম সহজীকরণ | ডিপিডিসি'র প্রি পেইড মিটারের ভেন্ডিং কার্যক্রম সহজীকরণ করার লক্ষ্যে মোবাইল অ্যাপস ডেভেলপ করা সহ নতুন উদ্ভাবনী কার্যক্রম গ্রহন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-মহাব্যবস্থাপক (আইসিটি), ডেভেলপমেন্ট, ডিপিডিসি।<br><br>মোহাম্মদ এমদাদুল হক, ম্যানেজার, আইসিটি, ডেভেলপমেন্ট, ডিপিডিসি। |
| ০৬. | সকল এন.ও.সি.এস. বিভাগ থেকে ফেসবুক পেইজের মন্তব্যের জবাব দেয়া | ডিপিডিসি'র ফেসবুক পেইজে গ্রাহক বিভিন্ন মন্তব্য করেন ও সমস্যার কথা জানান। পেইজের অ্যাডমিন তার জবাব প্রদান করে থাকেন। কিন্তু গ্রাহকের সমস্যা সমূহ সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী কর্তৃক সমাধান প্রদান করাই যুক্তিযুক্ত এ মর্মে সবাই একমত হন। এজন্য ডিপিডিসি'র ৩৬ এন.ও.সি.এস. দপ্তরের অনুকূলে ফেসবুক একাউন্ট খোলার সিদ্ধান্ত গৃহীত হয়। এন.ও.সি.এস. এর নির্বাহী প্রকৌশলীগণ ডিপিডিসি'র ফেসবুক পেইজে গ্রাহক প্রদত্ত বিভিন্ন মন্তব্যের মধ্যে থেকে তাদের দপ্তরের সাথে সংশ্লিষ্ট মন্তব্যসমূহের জবাব প্রদান করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল নির্বাহী প্রকৌশলী, এন.ও.সি.এস.<br><br>ডি.এম. কামরুল হাসান, ব্যবস্থাপক (আইসিটি), ডেভেলপমেন্ট, ডিপিডিসি।<br><br>মোঃ জিয়া উদ্দিন, জুনিয়র সহকারী ব্যবস্থাপক (আইসিটি), রেভিনিউ, ডিপিডিসি । |
| ০৭. | স্ক্যানার ক্রয় | ডিপিডিসি'র সকল এন.ও.সি.এস. দপ্তরে আর্কাইভিং এবং ই-ফাইলিং কাজের জন্য AVISION AD215 মডেলের সমমানের হাই স্পীড স্ক্যানার এবং অন্যান্য দপ্তরে ই-ফাইলিং কাজের জন্য সাধারন স্ক্যানার ক্রয় করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল দপ্তর প্রধান, ডিপিডিসি। |
| ০৮. | রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট খাতে বাজেট বরাদ্দ | ইনোভেশন ফান্ডের জন্য রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট খাতে মহাব্যবস্থাপক আইসিটি, এনার্জি এন্ড মিটারিং,ডিপিডিসি দপ্তরের অনুকূলে ৫ লক্ষ টাকার বাজেট বরাদ্দ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-মহাব্যবস্থাপক (অর্থ), ফিনান্সিয়াল ম্যানেজমেন্ট এন্ড অ্যাকাউন্টিং, ডিপিডিসি।<br><br>জনাব মো. আতিকুল ইসলাম,উপ-ব্যবস্থাপক (অর্থ), ফিনান্সিয়াল ম্যানেজমেন্ট এন্ড অ্যাকাউন্টিং, ডিপিডিসি। |

| ক্রমিক নং | আলোচনার বিষয় বস্তু | আলোচনা ও সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|
| ০৯. | উদ্ভাবনী কার্যক্রনমর সাথে সম্পৃক্ত কর্মকর্তাদের প্রণোদনা ও পুরস্কার প্রদান এবং বিদেশে প্রশিক্ষণের জন্য প্রেরণ | ডিপিডিসি'র যে সকল কর্মকর্তাগণ বিভিন্ন উদ্ভাবনী কার্যক্রমের সাথে জড়িত তাঁদের প্রণোদনা ও পুরস্কার প্রদান এবং বিদেশে প্রশিক্ষণের জন্য প্রেরণ করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | মহাব্যবস্থাপক (আইসিটি/টেকনিক্যাল), ডিপিডিসি। |
| ১০. | অ্যান্ড্রয়েড মোবাইল অ্যাপস সমূহের আইওএস ভার্সন তৈরি করা | ডিপিডিসিতে যেসব অ্যান্ড্রয়েড মোবাইল অ্যাপস তৈরি করা হয়েছে সেগুলোর আইওএস ভার্সন তৈরি করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-মহাব্যবস্থাপক (আইসিটি), ডেভেলপমেন্ট, ডিপিডিসি।<br><br>উপ-মহাব্যবস্থাপক (আইসিটি), রেভিনিউ, ডিপিডিসি। |
| ১১. | আইসিটি কার্যক্রম সমূহের প্রচারণা | ডিপিডিসিতে অনেক ইনোভেটিভ কার্যক্রম চলমান থাকলেও প্রচারণা না থাকার কারণে অনেকে জানে না। ডিপিডিসি'র আইসিটি কর্তৃক যেসকল সফটওয়্যার তৈরি করা হয়েছে এবং যেসকল উদ্ভাবনী কার্যক্রম গ্রহণ করা হয়েছে সেগুলোর প্রচারণা চালানোর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | মহাব্যবস্থাপক (আইসিটি/টেকনিক্যাল), ডিপিডিসি।<br><br>উপ-মহাব্যবস্থাপক (আইসিটি),ডেভেলপমেন্ট, ডিপিডিসি।<br><br>উপ-মহাব্যবস্থাপক (আইসিটি), রেভিনিউ, ডিপিডিসি।<br><br>সকল ব্যবস্থাপক (আইসিটি), ডিপিডিসি। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(প্রকৌ. মো. রমিজ উদ্দিন সরকার)
নির্বাহী পরিচালক ( প্রকৌশল)
এবং
মেন্টর, ইনোভেশন কমিটি
ডিপিডিসি।
e-mail: ede@dpdc.org.bd

বিতরণ:

০১. চেয়ারম্যান, পরিচালনা পষদ, ডিপিডিসি।
০২. ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি।
০৩. নির্বাহী পরিচালক (অ্যাডমিনিসট্রেইশন এন্ড এইচ আর/অপারেশন/অর্থ), ডিপিডিসি।
০৪. কোম্পানি সচিব / প্রধান প্রকৌশলী / মহাব্যবস্থাপক ........................................., ডিপিডিসি।
০৫. তত্ত্বাবধায়ক প্রকৌশলী/উপ-মহাব্যবস্থাপক ..................................................., ডিপিডিসি।
০৬. জনাব ............................................................................................., ডিপিডিসি।
০৭. অফিস কপি / মাস্টার ফাইল।